

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৭৪০

8/ মাসজিদ ও জামাআত (كتاب المساجد والجماعات) পরিচ্ছেদঃ ৪/২. মসজিদসমূহ সৌন্দর্যমন্ডিত করা।

بَاب تَشْييد الْمَسَاجد

আরবী

حَدَّثَنَا جُبَارَةُ بْنُ الْمُغَلِّسِ، حَدَّثَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْبَجَلِيُّ، عَنْ لَيْتٍ، عَنْ عَرْمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " أَرَاكُمْ سَتُشَرِّفُونَ مَسَاجِدَكُمْ بَعْدِي كَمَا شَرَّفَتِ الْيَهُودُ كَنَائِسَهَا وَكَمَا شَرَّفَتِ النَّصَارَى بِيَعَهَا "

বাংলা

২/৭৪০। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার মনে হয়, তোমরা আমার পরে তোমাদের মাসজিদসমূহকে ইহুদীদের সিনাগগ ও নাসারাদের গির্যার ন্যায় বিশালাকার প্রাসা'দরূপে তৈরি করবে।

English

It was narrated that Ibn 'Abbas said:

The Messenger of Allah said: "I see you building your mosque high after I am gone, just as the Jews built their synagogues high and the Christians built their churches high."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ৪৪৮, যঈফাহ ২৭৩ তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জামি সগীর ৭৪৩ যঈফ, যঈফা ২৭৩৩ যঈফ। উক্ত হাদিসের রাবী জুবারাহ ইবনুল মুগাল্লিস সম্পর্কে মুসলিম বিন কায়স বলেন, ইনশাআল্লাহ্ (আল্লাহ্ চায়তো) তিনি সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যুক ও হাদিস বানিয়ে বর্ণনা করেন। ইমাম বুখারী বলেন, তিনি মুদতারাবভাবে হাদিস বর্ণনা করেন। আবু দাউদ আস-



সাজিসতানী বলেন, তার একাধিক মুনকার হাদিস রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন